# চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা
চট্টগ্রাম
মোবাইল নং- ০১৮২৪৪৭৭৬৯৩

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

(প্রেস বিজ্ঞপ্তি)

২৪ অক্টোবর'২০২৩খ্রি.

## দুর্যোগপূর্ণ এলাকাগুলোতে চসিকের সব শিক্ষা প্রতিষ্ঠান ঘূর্ণিঝড় আশ্রয়কেন্দ্র হিসেবে কাজ করবে-মেয়র রেজাউল করিম

১১৪টি স্কুলকে আশ্রয়কেন্দ্রে হিসেবে ব্যবহার করবে চসিক। চট্টগ্রাম সিটি কর্পোরেশনের ৮১ টি শিক্ষা প্রতিষ্ঠানসহ ১১৪টি শিক্ষা প্রতিষ্ঠানকে ঘূর্ণিঝড়ে আশ্রয়কেন্দ্র হিসেবে ব্যবহারের প্রস্তুতি নিয়েছে চসিক। যানমালের ক্ষয়ক্ষতি এড়াতে দামপাড়াস্থ চসিকের বিদ্যুৎ বিভাগে চালু করা হয়েছে জরুরী কন্ট্রোল রুম। দুর্যোগ না কাটা পর্যন্ত এ কন্ট্রোল রুম ২৪ ঘন্টা জনগনের সেবা দেয়া হবে। কন্ট্রোল রুমের নাম্বর ০২৩৩৩৩৫৩৬৪৯।

বৃহস্পতিবার দামপাড়া চসিকের বিদ্যুৎ উপ-বিভাগস্থ কার্যালয়ে এক জরুরি সভায় প্রবল ঘূর্ণিঝড় হামুনের ক্ষয়ক্ষতি এড়াতে ঝুঁকিপূর্ণ এলাকায় থাকা জনগণকে দ্রুত নিকটস্থ আশ্রয়কেন্দ্রে নেয়ার আহ্বান জানিয়েছেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরী।
এছাড়াও মেয়র ওয়ার্ড কাউন্সিলরদের নিজ-নিজ ওয়ার্ডের ঝুকিপূর্ণ এলাকায় অবস্থানরত জনসাধারনকে আশ্রয়কেন্দ্রে নেয়ার বিষয়টি আন্তরিকতার সাথে তদারক করার আহ্বান জানান। এবং দুপুর থেকে সিটি মেয়রের নির্দেশে রেড ক্রিসেন্টের সহযোগিতায় চসিকের কর্মীরা উপকূলীয় ওয়ার্ডগুলোতে মাইকিং শুরু করে। সিটি কর্পোরেশন হতে দূর্গতদের জন্য ত্রাণের ব্যবস্থা করা হয়েছে।
সভায় চসিকের প্রধান নির্বাহী কর্মকর্তা শেখ মুহম্মদ তৌহিদুল ইসলামসহ চসিকের বিভাগীয় ও শাখা প্রধানগণ উপস্থিত ছিলেন। চসিক ম্যাজিস্ট্রেট রেজাউল করিমের নেতৃত্বে কাজ করছে রেসকিউ টিম।

## প্রতিমা নিরঞ্জনের মধ্যদিয়ে শেষ হলো সনাতনী সদায়ের শারদীয় দুর্গোৎসব

প্রতিমা নিরঞ্জনের মধ্য দিয়ে শেষ হলো সনাতনী সম্প্রদায়ের শারদীয় দুর্গোৎসব। চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে প্রতি বছরের মতো এবারও পতেঙ্গা সমুদ্র সৈকতে প্রতিমা নিরঞ্জনের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।
মঙ্গলবার দুপুর থেকেই পতেঙ্গা সমুদ্র সৈকতে মহানগরীর প্রায় দুই শতাধিক মন্ডপের প্রতিমা বিসর্জন দেয়া হয়েছে বলে পূজা উদযাপন পরিষদের নেতৃবৃন্দ জানান।
প্রতিমা নিরঞ্জন অনুষ্ঠানে সিটি মেয়র বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরী প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।
সন্ধ্যার মধ্যে যাতে বঙ্গোপসাগরে সুষ্ঠু ও শান্তি শৃঙ্খলার মধ্যে পূজারীগণ প্রতিমা নিরঞ্জন করতে পারেন সে লক্ষ্যে চট্টগ্রাম সিটি কর্পোরেশন পতেঙ্গা সমুদ্র সৈকতে আলোকবাতি, পরিষ্কার-পরিচ্ছন্নতা, সাজসজ্জা, মঞ্চ নির্মাণ, মাইকিং, পানীয় জলের ব্যবস্থাসহ সব ধরনের ব্যবস্থা গ্রহণ করে।
অত্যন্ত নিরাপত্তার মধ্য দিয়ে শান্তিপূর্ণভাবে দুপুর থেকেই পূজারী ও ভক্তরা শ্রদ্ধার সাথে তাদের প্রতিমা নিরঞ্জন দেবার জন্য গাড়ীতে করে প্রতিমা নিয়ে আসেন। সুন্দর পরিবেশে সুশৃংখলভাবে প্রতিমা বিসর্জন করতে পেরে পূজা উদ্যাপন কমিটির নেতৃবৃন্দ এবং হাজার হাজার পূজার্থী সন্তোষ প্রকাশ করেছেন।
এ উপলক্ষে চট্টগ্রাম সিটি কর্পোরেশন ও বাংলাদেশ পূজা উদযাপন পরিষদ চট্টগ্রাম মহানগর কমিটি যৌথ উদ্যোগে নগরীর পতেঙ্গা সমুদ্র সৈকতে এক অনুষ্ঠানের আয়োজন করে। অনুষ্ঠানে সিটি মেয়র মো. রেজাউল করিম চৌধুরী প্রধান অতিথির বক্তব্যে বলেন-চট্টগ্রাম সাম্প্রদায়িক সম্প্রীতির অন্যতম পাদপীঠ। এই নগরীতে জাতিগত কোন ভেদাভেদ নেই। শারদীয় দুর্গাপূজা উৎসব অত্যন্ড় সুষ্ঠু ও শান্ড়ি-শৃংখলার সাথে সম্পন্ন হওয়া তারই একটি উজ্জ্বল দৃষ্টান্ড়।
"শেখ হাসিনা দেশে সব ধর্মের মানুষের ধর্মীয় স্বাধীনতা যে প্রতিষ্ঠিত করেছেন তার একটি প্রমাণ হল কোন সমস্যা ছাড়াই সারা দেশে পূজা উদযাপন হয়েছে। এজন্য, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান আমাদের যে অসাম্প্রদায়িকতার চেতনা শিক্ষা

দিয়েছেন, সে শিক্ষায় উদ্বুদ্ধ হয়ে ঐক্যবদ্ধভাবে অসাম্প্রদায়িকতা ও উন্নয়নের অগ্রযাত্রার জন্য কাজ করতে হবে। সাম্প্রদায়িক সম্প্রীতির উজ্জ্বল পাদপীঠ হিসেবে চট্টগ্রামের যে ঐতিহ্য তা রক্ষা করতে হবে।
শিক্ষা উপমন্ত্রী ব্যারিস্টার মহিবুল হাসান চৌধুরী নওফেল বলেন, বঙ্গবন্ধুকন্যা শেখ হাসিনার নেতৃত্বে সাম্প্রদায়িক শক্তির বিরুদ্ধে ঐক্যবদ্ধ হতে হবে, উন্নয়নের ধারাবাহিকতা রক্ষায় কাজ করতে হবে কাধে কাধ মিলিয়ে।

পরে মেয়র রেজাউল ও উপমন্ত্রী নওফেল বৈরি আবহাওয়ার মধ্যেও বৃষ্টিতে ভিজে প্রতিমা নিরঞ্জন কার্যক্রম তদারকি করেন।
অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন চসিকের প্রধান নির্বাহী কর্মকর্তা শেখ মুহম্মদ তৌহিদুল ইসলাম, কাউন্সিলর ছালেহ আহম্মদ চৌধুরী, নুরুল আমিন, আবদুস সালাম মাসুম, ওয়াসিম উদ্দিন চৌধুরী, চসিকের কর্মকর্তাবৃন্দ ও চট্টগ্রাম মহানগর পূজা উদযাপন পরিষদের নেতৃবৃন্দ।

## পতেঙ্গায় ২ প্রকল্পের ভিত্তি প্রস্তর স্থাপন করেন-মেয়র

১৩ কোটি টাকা ব্যয়ে নগরীর দক্ষিণ পতেঙ্গা ওয়ার্ডে দুই প্রকল্পের ভিত্তি প্রস্তর স্থাপন করেছেন চট্টগ্রাম সিটি মেয়র বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরী।
মঙ্গলবার উদ্বোধন হওয়া প্রকল্পের একটি হল ৬ কোটি ৭৪ লাখ টাকা ব্যয়ে দক্ষিণ পতেঙ্গা সিটি কর্পোরেশন উচ্চ বিদ্যালয়ের পূর্ব পাশ থেকে ভিআইপি রোডের মাদ্রাসা গেইট পর্যন্ত ড্রেইন ও স্লাবসহ রাস্তা নির্মাণ এবং দক্ষিণ পাড়া লেইন বাইলেইন সমূহের উন্নয়ন। অপরটি ৬ কোটি ২৭ লাখ টাকা ব্যয়ে ৪১ নং ওয়ার্ড এর দক্ষিণ পাড়া ভিআইপি মেইন রোড হতে কোনার দোকান থেকে চাইনিজ ঘাট এবং মোল্লা বাড়ীর পশ্চিম অংশের রাস্তা ও ড্রেনের নির্মাণ কাজ।
এসময় উপস্থিত ছিলেন কাউন্সিলর ছালেহ আহাম্মদ চৌধুরী, নুরুল আমিন, চসিক ধান নির্বাহী কর্মকর্তা শেখ মুহম্মদ তৌহিদুল ইসলাম, প্রধান প্রকৌশলী রফিকুল ইসলাম মানিক, মেয়রের একান্ত সচিব আবুল হাশেম নির্বাহী প্রকৌশলী আশিকুল ইসলাম, ওয়াহিদুল আলম, উপ-সহকারী প্রকৌশলী মো. আলী।

## শিশুদের বলতে হবে মুক্তিযুদ্ধের গল্প: মেয়র রেজাউল

শিশুদের দেশ প্রেমিক হিসেবে গড়ে তুলতে তাদের জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের নেতৃত্বে হওয়া মুক্তিযুদ্ধের গল্প শোনাতে হবে বলে মন্তব্য করেছেন চট্টগ্রাম সিটি মেয়র বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরী।
মঙ্গলবার দক্ষিণ পতেঙ্গা সিটি কর্পোরেশন উচ্চ বিদ্যালয়ে বার্ষিক পুরস্কার বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে চট্টগ্রাম সিটি মেয়র বীর মুক্তিযোদ্ধা মো রেজাউল করিম চৌধুরী একথা বলেন। অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন চসিকের প্রধান নির্বাহী কর্মকর্তা শেখ মুহম্মদ তৌহিদুল ইসলাম, কাউন্সিলর ছালেহ আহাম্মদ চৌধুরী, নুরুল আমিন, আবদুস সালাম মাসুম, সচিব খালেদ মাহমুদ, প্রধান শিক্ষা কর্মকর্তা লুতফুন নাহার, স্কুলের প্রধান শিক্ষক হারুনুর রশিদ মিয়া, অভিভাবক সদস্য ওয়াহিদুল আলম চৌধুরী, মো. ইলিয়াছ, মো.ছালেহ নূর সেলিম।

স্বাক্ষরিত/-
**(আজিজ আহমদ)**
জনসংযোগ অফিসার কাম প্রটোকল অফিসার
চট্টগ্রাম সিটি কর্পোরেশন।
মোবাইল-০১৮১৯-৯৩০ ৪৮৮